গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়, ডুমুরিয়া, খুলনা
doict.dumuria.khulna.gov.bd

**নম্বর:** ৫৬.০৪.৪৭৩০.০০০.০০১.২৫.০০১১.১৯.১২

তারিখ: ২৫ ভাদ্র ১৪৩৩
০৯ সেপ্টেম্বর ২০২৬

**বিজ্ঞপ্তি**

বিষয়: **"ডিজিটাল মার্কেটিং" বিষয়ক মাসব্যাপী প্রশিক্ষণে আগ্রহী প্রার্থীগণের নিকট হতে আবেদন আহ্বান।**

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, ডুমুরিয়া, খুলনা- কর্তৃক তথ্য-প্রযুক্তির সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণ এবং তরুণ-তরুণীদের ডিজিটাল দক্ষতা উন্নয়নের মাধ্যমে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করার লক্ষ্যে **"ডিজিটাল মার্কেটিং" বিষয়ক মাসব্যাপী প্রশিক্ষণ** আয়োজন করা হয়েছে।

উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য ডুমুরিয়া উপজেলার স্থায়ী বাসিন্দা, আগ্রহী ও যোগ্য প্রার্থীদের নিকট হতে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন আহ্বান করা যাচ্ছে।

## আবেদনকারীর যোগ্যতা

১। শিক্ষাগত যোগ্যতা **ন্যূনতম HSC বা সমমান** পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
২। আবেদনকারীর বয়স **১৮ থেকে ৩৫ বছর** হতে হবে।
৩। কম্পিউটার পরিচালনায় **বেসিক দক্ষতা/সনদ** থাকতে হবে।
৪। আবেদনকারীকে অবশ্যই **ডুমুরিয়া উপজেলার স্থায়ী বাসিন্দা** হতে হবে।
৫। আবেদনকারীর **নিজস্ব ল্যাপটপ** থাকতে হবে।
৬। ডিজিটাল মার্কেটিং বিষয়ে শেখার জন্য আগ্রহী ও প্রশিক্ষণ গ্রহণে আগ্রহী হতে হবে।

**আবেদনের লিংকঃ** https://forms.gle/gUUEK16v6pJfmnBu9
**আবেদনের শেষ তারিখঃ** ১৩ সেপ্টেম্বর, ২০২৬ খ্রি. বিকালঃ ৪.০০ টা

## প্রশিক্ষণার্থী নির্বাচন

প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাই করে নির্ধারিত যোগ্যতার ভিত্তিতে প্রশিক্ষণার্থী নির্বাচন করা হবে। আবেদনকারীর সংখ্যা নির্ধারিত আসনসংখ্যার তুলনায় বেশি হলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী **বাছাই/সাক্ষাৎকার/লটারির মাধ্যমে** প্রশিক্ষণার্থী নির্বাচন করা হতে পারে।
নির্বাচিত প্রশিক্ষণার্থীদের তালিকা ও প্রশিক্ষণ শুরুর চূড়ান্ত সময় **নোটিশ বোর্ড/ওয়েবসাইট/সামাজিক যোগাযোগমাধ্যম**-এর মাধ্যমে জানানো হবে।

## প্রশিক্ষণার্থীদের জন্য বিশেষ নির্দেশনা

ক। প্রশিক্ষণে নিয়মিত ও সময়মতো উপস্থিত থাকা বাধ্যতামূলক।
খ। প্রত্যেক প্রশিক্ষার্থীকে **নিজস্ব ল্যাপটপ** সঙ্গে আনতে হবে।
গ। প্রশিক্ষণ চলাকালীন প্রশিক্ষণ কর্তৃপক্ষের সকল নির্দেশনা যথাযথভাবে পালন করতে হবে।
ঘ। নির্ধারিত ব্যবহারিক কাজ, অ্যাসাইনমেন্ট ও প্রজেক্ট সম্পন্ন করতে হবে।

ঙ। প্রশিক্ষণ সফলভাবে সম্পন্নকারী প্রশিক্ষণার্থীদের নির্ধারিত নিয়ম অনুযায়ী **প্রশিক্ষণ সনদ** প্রদান করা হবে।
চ। প্রশিক্ষণ চলাকালীন কোনো ধরনের অসদাচরণ বা শৃঙ্খলাবিরোধী কর্মকাণ্ডে জড়িত হলে সংশ্লিষ্ট প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ বাতিল করা হতে পারে।

* প্রশিক্ষণ সংক্রান্ত যেকোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত হিসেব বিবেচিত হবে।

০৯-০৯-২০২৬
মোঃ রেজাউল করিম
উপজেলা আইসিটি অফিসার
ফোন : ০১৭১৭৮৯২৯৮৮
ইমেইল : doictdumuria@gmail.com

আগ্রহী প্রার্থীগণ।